**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 28-11-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ভারতকে আত্মনির্ভর করার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নয়টি মন্ত্র দিয়েছেন।**
**(২) প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস আজ ঊনকোটি জেলার ফটিকরায়ে "কাঞ্চনবাড়ি গ্রামীণ হাট" এর দ্বারোদঘাটন করেন।**
**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন যে ভারত বাল্যবিবাহ নির্মূলের পথে এগিয়ে চলেছে।**

**(৪) জলশক্তি মন্ত্রী সি আর পাতিল আজ বলেছেন যে জল জীবন মিশনের আওতায় সারা দেশে ১৫ কোটি গ্রামীণ পরিবারকে নলের জলের সংযোগ দেওয়া হয়েছে।**

*************************************

**PM, Udupi :**

ভারতকে আত্মনির্ভর করার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নয়টি মন্ত্র দিয়েছেন। তিনি জাতীয় স্বার্থে নিবেদিত নয়টি সংকল্পের প্রতি নাগরিকদের প্রতিশ্রুতিবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন।

######Byte-PM#####

আজ উদুপিতে শ্রীকৃষ্ণ মঠের ভক্তদের উদ্দেশ্যে ভাষণ দিতে গিয়ে তিনি একথা বলেন। তিনি দেশবাসীকে প্রাকৃতিক কৃষিকাজকে উৎসাহিত করার, বাজরা ব্যবহার করে স্বাস্থ্যকর জীবনযাপন করার, তেলের ব্যবহার কমানোর এবং আমাদের দৈনন্দিন জীবনের অংশ হিসেবে যোগব্যায়াম গ্রহণ আহ্বান জানান। প্রধানমন্ত্রী আজ যে নয়টি সংকল্পের কথা উল্লেখ করেছেন, তার মধ্যে আমাদের প্রাচীন পাণ্ডুলিপি সংরক্ষণ অন্যতম। তিনি

ভারতীয়দের ঐতিহ্যের জন্য পরিচিত ২৫টি স্থান পরিদর্শনের আহ্বান জানান। প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে ভগবান কৃষ্ণের শিক্ষা, ভগবদ গীতা কেন্দ্রীয় সরকারের বেশিরভাগ কর্মসূচির অনুপ্রেরণা। আজ উদুপিতে শ্রীকৃষ্ণ মঠ পরিদর্শনের সময় তিনি গীতা পরায়ণ নামে পরিচিত ভাগবত গীতার দলগত আবৃত্তিতে অংশ নেন। তিনি স্বর্ণমুদ্রা তীর্থ মণ্ডপ এবং উৎসর্গীকৃত স্বর্ণমুদ্রাযুক্ত কনক কিন্দি উদ্বোধন করেন। রাজ্যপাল থাওয়ারচাঁদ গেহলট, কেন্দ্রীয় মন্ত্রী প্রহ্লাদ যোশী, ধর্মস্থল ধর্মাধিকারী শ্রী বীরেন্দ্র হেগড়ে এবং উদুপি পুথিগে মঠের ঋষি সুগুনেন্দ্র তীর্থ স্বামীজি সহ অন্যান্যরা এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। পুতিগে ঋষি প্রধানমন্ত্রীকে ভারত ভাগ্য বিধাতা উপাধি প্রদান করেন।

****************************

**Minister Sudhangshu Das :**

প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস আজ ঊনকোটি জেলার ফটিকরায়ে "কাঞ্চনবাড়ি গ্রামীণ হাট" এর দ্বারোদঘাটন করেন। নাবার্ড এর আর্থিক সহায়তায় ও সমাজকল্যাণ প্যাক্সের পরিচালনায় এটি গড়ে উঠেছে। ব্যয় হয়েছে পনেরো লক্ষ টাকা। অনুষ্ঠানে কেন্দ্রীয় সরকারের "মিশন অর্গানিক ভ্যালু চেইন ডেভেলপমেন্ট ফর নর্থ-ইষ্ট রিজিয়ন" এর পৃষ্টপোষকতায় ক্রয় করা পরিবহন যান এবং অত্যাধুনিক ট্র্যাক্টর প্রদান করা হয়। প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী শ্রী দাস বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সংকল্প মতো আগামী ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ে তুলতে কৃষকদের সার্বিক বিকাশের লক্ষ্যে রাজ্য সরকার কাজ করছে। এপ্রসঙ্গে তিনি পি.এম-কিষাণ, প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা, মুদ্রা যোজনা, কিষাণ ক্রেডিট কার্ড প্রসঙ্গে উল্লেখ করেন। কৃষিকাজে কৃষকদের উৎসাহিত করতে এবং উৎপাদিত পণ্য বাজারজাত করণে রাজ্য সরকারের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। বক্তব্য রাখেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, কৃষি দফতরের উপ-অধিকর্তা সৌমেন নন্দী, নাবার্ডের জেলা প্রবন্ধক প্রনব মহাজন প্রমুখ। মন্ত্রী সুধাংশু দাস সম্পূর্ণ জৈব পদ্ধতিতে স্থানীয় কৃষকদের উৎপাদিত "কালিখাসা" চাউলের বাজারজাত করার জন্য প্যাকেটেরও উদ্বোধন করেন।

*****************************

**Markfed :**

সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া আজ আগরতলার বাধারঘাটস্থিত মার্কফেডের কনফারেন্স হলে মার্কফেডের ২০২৪-২৫ সালের বার্ষিক সাধারণ সভার উদ্বোধন করেন। মন্ত্রী শ্রী নোয়াতিয়া বলেন মার্কফেড একটি সমবায় সংস্থা যা বিশেষভাবে জনগণের সহায়তা প্রদানের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখে। তিনি নাগরিকদের সেবা প্রদানে সরকারের প্রচেষ্টার কথা তুলে ধরেন। অনুষ্ঠানে অন্যান্য দের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়িকা মীনা রানী সরকার, মার্কফেডের চেয়ারম্যান অভিজিৎ দেব, ভাইস চেয়ারম্যান সঞ্জয় সাহা প্রমুখ।

********************************

**Our Money Our Right :**

গোমতী জেলার উদয়পুরে আজ দাবিহীন আর্থিক সম্পদ সম্পর্কে "আপনার পুঁজি, আপনার অধিকার" শীর্ষক একদিনের সচেতনতামূলক শিবির অনুষ্ঠিত হয়। ভারতীয় রিজার্ভ ব্যাংক ও পাঞ্জাব ন্যাশনাল ব্যাংকের যৌথ উদ্যোগে উদয়পুরের পঞ্চায়েত রাজ প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজিত শিবিরের উদ্বোধন করেন গোমতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়। শিবিরে দীর্ঘ বছর ধরে বন্ধ থাকা গোমতি জেলার ৫০টি ব্যাংক একাউন্টের ২২ লক্ষ ৫৮ হাজার টাকা সংশ্লিষ্ট গ্রাহকদের প্রদান করা হয়।

শিবিরে বীমা পলিসি দাবি, ব্যাংক আমানত, লভ্যাংশ, শেয়ার এবং মিউচুয়াল ফান্ডের অর্থ, পুরানো অ্যাকাউন্টের গচ্ছিত টাকা কিভাবে সংগ্রহ করা যাবে সেই বিষয়ে গ্রাহকদের বিস্তারিতভাবে অবহিত করেন ভারতীয় রিজার্ভ ব্যাংকের জি এম সুরেন্দ্র নিদার। উপস্থিত ছিলেন বিধায়ক জিতেন্দ্র মজুমদার, ত্রিপুরা গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান সত্যেন্দ্র সিং, ত্রিপুরা স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক এর ব্যবস্থাপনা পরিচালক ভজন চন্দ্র রায়, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক এর সার্কেল হেড ঋতুরাজ কৃষ্ণ, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া,

আগরতলার স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার আঞ্চলিক ব্যবস্থাপক দেবাশিস দাস ও জেলা শাসক রিংকু লাথের প্রমুখ।

**************************

**ARDD-Khowai :**

পশু পালনের মাধ্যমে আত্মনির্ভর হওয়ার জন্য রাজ্য সরকারের মুখ্যমন্ত্রী পশু পালন সম্মান নিধি প্রদানের অংশ হিসেবে আজ খোয়াই আর-ডি ব্লকের কনফারেন্স হলে জেলাভিত্তিক একটি অনুষ্ঠান হয়। সেখানে সুবিধাভোগীদের হাতে চেক্ তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভানেত্রী অপর্ণা সিংহ রায়, খোয়াই পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান টিঙ্কু ভট্টাচার্য্য, প্রানী সম্পদ বিকাশ দপ্তরের উপ-অধিকর্তা প্রান গোপাল দাস প্রমুখ।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**PM, Bal Vivah :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন যে স্পষ্ট নীতি, সুস্থায়ী পদক্ষেপ এবং তৃণমূল পর্যায়ের প্রচেষ্টার মাধ্যমে ভারত বাল্যবিবাহ নির্মূলের পথে এগিয়ে চলেছে। নারী ও শিশু উন্নয়ন মন্ত্রী অন্নপূর্ণা দেবীর লেখা একটি প্রবন্ধ শেয়ার করে প্রধানমন্ত্রী সামাজিক মাধ্যমে একথা বলেন। শ্রীমতি অন্নপূর্ণা দেবী তাঁর প্রবন্ধে বাল্যবিবাহ মুক্ত ভারতের আহ্বান জানিয়েছেন।

******************************

**C R Patil :**

জলশক্তি মন্ত্রী সি আর পাতিল আজ বলেছেন যে জল জীবন মিশনের আওতায় সারা দেশে ১৫ কোটি গ্রামীণ পরিবারকে নলের জলের সংযোগ দেওয়া হয়েছে। নতুনদিল্লিতে সুজলাম ভারত শীর্ষ সম্মেলনে ভাষণ দিয়ে শ্রী পাতিল প্রতিটি নাগরিকের জন্য সুস্থায়ী জল সুরক্ষা নিশ্চিত করার জন্য সরকারের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন। তিনি বলেন, এই শীর্ষ সম্মেলন জল সংরক্ষণের জন্য একটি বৈজ্ঞানিক ও সুস্থায়ী পদ্ধতি গড়ে তোলার জন্য একটি ব্যাপক দেশব্যাপী প্রচেষ্টার অংশ। তিনি আরও বলেন যে, ভূগর্ভস্থ জলের স্তর পুনরুদ্ধার এবং জলের প্রাপ্যতা উন্নত করার জন্য MGNREGA তহবিলের ৬৫ শতাংশ এখন তীব্র জল ঘাটতির সম্মুখীন এলাকাগুলিতে বরাদ্দ করা হবে। আকাশবাণী নিউজের সঙ্গে একান্ত আলাপকালে, জল শক্তি মন্ত্রী বলেন যে সুজলম ভিশনের সাহায্যে ২০৪৭ সালের মধ্যে ভারতকে একটি উন্নত জাতি হিসেবে গড়ে তোলার স্বপ্ন বাস্তবায়িত হবে। এই উপলক্ষে, শ্রী পাতিল শীর্ষ সম্মেলনে "জল সঞ্চয় জন ভাগীদারি ১.০" নামে একটি বই প্রকাশ করেন। তিনি সমৃদ্ধি এমসিএডি এবং গঙ্গা পালস পাবলিক পোর্টালও চালু করেন।

******************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ বলেছেন যে ভারত সরকার সমাজকে আরও অন্তর্ভুক্তিমূলক, শান্তিপূর্ণ, সুস্থ এবং মূল্যবোধ-ভিত্তিক করে তোলার জন্য বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিচ্ছে। বিশ্বব্যাপী যোগব্যায়াম ও ধ্যানের

প্রচার এবং আন্তর্জাতিক যোগ দিবস প্রচারণার নেতৃত্ব দেওয়া এই ধরণের উদ্যোগ। রাষ্ট্রপতি ব্রহ্ম কুমারীদের ২০২৫-২৬ সালের বার্ষিক প্রতিপাদ্য, 'বিশ্ব ঐক্য ও বিশ্বাসের জন্য ধ্যান'-এর উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন।

######Byte-President ######

সমাজে মূল্যবোধ জাগানোর ক্ষেত্রে সরকারের প্রচেষ্টার কথা উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন যে জাতীয় শিক্ষা নীতিতে মূল্যবোধ-ভিত্তিক শিক্ষা উদ্যোগও অন্তর্ভুক্ত রয়েছে।

***************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে নভেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন কি বাত' অনুষ্ঠানে দেশ ও বিদেশের মানুষের সাথে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি "মন কি বাতে"র ১২৮তম পর্ব হবে। এই অনুষ্ঠানের জন্য জনগণ তাদের ধারণা এবং পরামর্শ ১৮০০-১১-৭৮০০ টোল-ফ্রি নম্বরের মাধ্যমে জানাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামের মাধ্যমে অনলাইনেও মতামত জানানো যাবে। এছাড়াও ১৯২২ নম্বরে মিসড কল দিয়ে, প্রাপ্ত লিঙ্কে সরাসরি পরামর্শ জানাতে পারেন। আসন্ন পর্বের জন্য পরামর্শ আজ পর্যন্ত গ্রহণ করা হবে।

****************************

**BSF-Melaghar :**

বি.এস.এফের ৬১তম প্রতিষ্ঠা দিবসকে সামনে রেখে সিপাহীজলা জেলার মেলাঘরের রাজঘাটে আজ অস্ত্র প্রদর্শনী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই অস্ত্র প্রদর্শনী প্রত্যক্ষ করে স্থানীয় বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা। সন্ধ্যায় বি.এস.এফ জওয়ানদের সাংস্কৃতিক অনুষ্ঠান ঘিরেও নীরমহলে আসা পর্যটক ও সাধারণ মানুষের মধ্যে ছিল ব্যাপক উৎসাহ।

উপস্থিত ছিলেন বি.এস.এফ একাশি নম্বর ব্যাটেলিয়নের ডেপুটি কমান্ডেন্ট নিতু কুমার, অ্যাসিস্ট্যান্ট কমান্ডেন্ট নোহিত মুম্বালিয়া প্রমুখ।

****************************

**School Level Science Exhibition :**

আগরতলার আচার্য প্রফুল্ল চন্দ্র রায় স্মৃতি বিদ্যামন্দিরে আজ DNA ক্লাবের উদ্যোগে বিদ্যালয় ভিত্তিক বিজ্ঞান প্রদর্শনী, বিজ্ঞান বিষয়ক নাটক, বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন পশ্চিম ত্রিপুরা জেলা শিক্ষা আধিকারিক পল্লব কান্তি সাহা। উপস্থিত ছিলেন বিদ্যালয়ের ভাইস প্রিন্সিপাল শর্বরী দেবরায় পাল, বিজ্ঞান প্রদর্শনীর আয়োজক কমিটির কনভেনর ড.বিকাশ চন্দ্র মোহন্ত প্রমুখ। প্রতিযোগিতা শেষে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারীদের পুরস্কার প্রদান করা হয়।

****************************

**T-20 Cricket :**

সৈয়দ মুস্তাক আলী টি-২০ জাতীয় ক্রিকেটের দ্বিতীয় ম্যাচেও ত্রিপুরা পরাজিত হয়েছে। আজ আমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় রাজস্থান ৫ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে হালকা থেকে মাঝারি কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫.৯ ডিগ্রি সেলসিয়াস।

****************************